# ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো‘আ সমূহ (الدعوات فى الأوقات)

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১০. ছিয়াম বিষয়ে

(ক) ইফতারের দো‘আ :بِسْمِ اللهِ‘বিসমিল্লা-হ’ (আল্লাহর নামে শুরু করছি)।

(খ) ইফতার শেষে দো‘আ :اَلْحَمْدُ لِلّهِ আলহামদুলিল্লা-হ’ (আল্লাহর জন্য সকল প্রশংসা)। অথবা (ঐ সাথে) বলবে,

ذَهَبَ الظَّمَأُ وَابْتَلَّتِ الْعُرُوْقُ وَثَبَتَ الْأَجْرُ إِنْ شَآءَ اللهُ

‘যাহাবায যামাউ ওয়াবতাল্লাতিল উরূক্বু ওয়া ছাবাতাল আজরু ইনশা-আল্লাহ’ (তৃষ্ণা দূর হ’ল, শিরা-উপশিরা সিক্ত হ’ল এবং আল্লাহ চাহে তো পুরস্কার নিশ্চিত হ’ল)।[100]

(গ) লায়লাতুল ক্বদরের বিশেষ দো‘আ :

রাসূলুল্লাহ (ছাঃ) আয়েশা (রাঃ)-কে রামাযানের শেষ দশকের বেজোড় রাত্রিগুলিতে পড়ার জন্য নিম্নের দো‘আটি শিক্ষা দিয়েছিলেন।-

اَللَّهُمَّ إِنَّكَ عَفُوٌّ تُحِبُّ الْعَفْوَ فَاعْفُ عَنِّي আল্লা-হুম্মা ইন্নাকা ‘আফুব্বুন তোহেব্বুল ‘আফওয়া ফা‘ফু ‘আন্নী’ (হে আল্লাহ! তুমি ক্ষমাশীল। তুমি ক্ষমা করতে ভালবাস। অতএব আমাকে ক্ষমা কর)।[101]

ফুটনোট

[100] . আবুদাঊদ, মিশকাত হা/১৯৯৩, ‘ছিয়াম’ অধ্যায়-৭, অনুচ্ছেদ-২। উল্লেখ্য যে, ‘আল্লা-হুম্মা লাকা ছুমতু... মর্মে প্রচলিত দো‘আটির হাদীছ যঈফ। (আবুদাঊদ, মিশকাত হা/১৯৯৪; যঈফুল জামে‘ হা/৬৩১) ও ‘আল্লা-হুম্মা ছুমতু লাকা...’ মর্মে দো‘আটির প্রমাণ পাওয়া যায় না।

[101] . আহমাদ, তিরমিযী, ইবনু মাজাহ, মিশকাত হা/২০৯১, ‘ছিয়াম’ অধ্যায়-৭, অনুচ্ছেদ-৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9269

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন